

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

بَابٌ فِي ذَهَابِ الْعِلْم

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَسَدٍ أَبُو عَاصِمٍ، حَدَّثَنَا عَبْثَرٌ، عَنْ بُرْدٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ مُوسَى، عَنْ أَبِي الدَّرْدَاءِ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: النَّاسُ عَالِمٌ، وَمُتَعَلِّمٌ، وَلَا خَيْرَ، فِيمَا بَعْدَ ذَلِكَ

إسناده ضعيف لانقطاعه سليمان بن موسى لم يدرك أبا الدرداء

বাংলা

২৫২. আবু দারদা' রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, (কল্যাণ লাভকারী) মানুষ দু' প্রকার: ১. আলিম ও ২. ইলম শিক্ষার্থী। এ ব্যতীত আর যারা রয়েছে, তাদের মধ্যে কোনো কল্যাণ নেই।"[1]

ফুটনোট

[1] তাহকীক: বিচ্ছিন্নতার কারণে এর সনদ যয়ীফ। সুলায়মান ইবনু মুসা আবী দারদার সাক্ষাৎ লাভ করেন নি। (তবে আহমাদ, যুহদ পৃ. ১৩৬ তে এটি সহীহ সনদে বর্ণনা করেছেন। তাখরীজ দেখুন) তাখরীজ: আহমদ, আয যুহদ পৃ. ১৩৬, এর সনদ সহীহ; আব্দুল্লাহ ইবনু আহমদ, যাওয়াইদ আলায যুহদ পৃ. ১৩৬; ইবনু আবী শাইবা, ৮/৭৩০ নং ৬১৭২; আবু নুয়াইম, আল হিলইয়া ১/২১২-২১৩; ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম নং ১৩৮, ১৪০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন